

# msj CHRONICLE

BRAINWARE UNIVERSITY : DEPARTMENT OF MEDIA SCIENCE AND JOURNALISM

**SHILPA SHETTY** breaks silence P3

Wednesday August 5, 2021

**PV SINDH** wins bronze P4




**IN BRIEF**

**COVID UPDATE**

**In India**

CONFIRMED : 42,797

DEATHS : 532

VACCINATED : 6,742,456

**WEST BENGAL**

CONFIRMED : 826

DEATHS : 10

VACCINATED : 431,401

### বিশ্ব বরেণ্য বাঙালি আচার্য প্রফুল্ল চন্দ্র রায়

প্রাচীন কাল থেকে চলে আসা ভারতবর্ষের সমৃদ্ধ বিজ্ঞান চর্চার ধারায় আবির্ভাব ঘটেছে অনেক উজ্জ্বল নক্ষত্রের। কিন্তু বৈজ্ঞানিক মনীষার সঙ্গে মানবপ্রেম ও স্বজাতি বোধ এই দুটি বিরল বৈশিষ্ট্যের সমন্বয় ঘটেছে কেবলমাত্র আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এর মধ্যেই। তিনি প্রকৃত অর্থেই ছিলেন আচার্য।

এর পর পৃষ্ঠা ২

### Why is Russia not participating in Tokyo Olympics?

Russia is not participating in the 2021 Tokyo Olympics as the World Anti-Doping Agency (WADA) banned Russia from participating in any international sports events for four years.In September 2018, after multiple investigations, WADA lifted the sanctions on the condition that Russia hand over athlete data from its Moscow laboratory to doping regulators, which would help identify hundreds of athletes who may have cheated across various sports. P4

**Weather Forecast**

Kolkata, West bengal

WEDNESDAY

Scattered Thunderstorm

TEMPERATURE - 33 °C
PRECIPITATION - 50%
HUMIDY - 74%
WIND - 14 KM/H

# Mirabai Chanu: Olympic medal & its stories

Arghyadeep Roy

Basking in glory after her Tokyo triumph, Mirabai Chanu is awre of how different the scenario would have been had she missed out on her attempts on the weightlifting platform, where she won India's first medal in the 2020 Olympics.

Mirabai after winning the silver medal in Tokyo 2020 Olympics ome stories get told, some remain unheard; some change over time, some remain in the public imagination for a brief glorious moment only to fade in due course, while some stories emerge in bits and pieces.



Mirabai Chanu with the Olympic silver medal

> I'm very happy that I've won the medal. The country was watching me & they have their expectations. I was little nervous but I was determined to give my best... I worked really hard for this. I tried my best to win gold but I was not able to win gold. When I did 2nd lift, I understood I;ll bring a medal along with me.

The multitude of stories emerging from the spotlight on Saikhom Mirabai Chanu after her recent win at the Tokyo Olympics needs to be reflected on. The silver medal for weightlifting (49 kg category) Olympics made Mirabai Chanu a media favourite while an adoring public has gone into raptures across the entire nation. Mirabai's story is one of grit in the face of poverty, lack of any support in her formative years and being inspired by another diminutive weightlifting champion from Manipur, Nameirakpam Kunjarani Devi, whose achievements at the national and international arena led many in the state to take up sports. Kunjarani, currently based in Delhi, where she is serving as a nodal officer of the central sports team in the Central Reserve Police Force (CRPF), is a proud mentor today. "The ultimate for every sportsperson is an Olympic win and there is nothing better in the world for a sportsperson than seeing one's mentee reaching such heights," says Kunjarani.

"I am immensely proud of her. What she has done, coming from a place like Manipur which still does not have enough support systems for sportspersons when they start out, is a clear example of how determination and hard work pay in the long run," she adds.

Mirabai's village at Nongpok Kakching was often a battleground between central security forces and armed militant groups, with the former launching search operations and intense frisking and the latter going to homes for shelter or food. Mirabai's mother, Saikhom Ongbi Tombi Leima, continues to be a Meira Paibi member, keeping vigil with flaming bamboo torches in hand at night whenever there is a disturbance in the locality. She toils in the family's paddy field, something that she still continues to this day.

Speaking at the felicitation program organised by the Manipur government on her return, Mirabai said, "I have always wanted to do something that will tell the world about my small state of Manipur," reflecting on the onus on having to prove being worthy of belonging to India.

Outside of the sports arena, there is a strong appropriation of Mirabai Chanu into the politics of religion by blurring her individuality and roots. Ultimately, she remains an icon for the you of the country to emulate.

# The Brainware takeaways

Col Jyoti Bhattacharjee of the Indian Army has just completed his MA exam in Journalism from Brainware University. Here he speaks to **Prapti Das** of the university on what the two years at Brainware meant to him. Excerpts:

- **Prapti: Good afternoon. I hope you are doing well.**
- **Col. Bhattacharjee**: Good afternoon. I am doing good.

- **Q : I have a few questions regarding your experience with Brainware University. Firstly, how was your experience as a student of Brainware University?**
- **A** : We were part of the first M.A in the Mass Communication department. Though the department was small but it was very progressive one. The faculty members were very approachable. The positive interaction between the faculty members and us created a love for the subject among the students like us. This is the biggest takeaways from my university. The study is all about knowing, loving and gaining expertise in the subject. As long as the study does not become a rat race, it is the purest form of gaining knowledge. In this prospect, the faculties and instructors were extremely adjusting. We learned, we enjoyed and now we are on the verge of completing our course. It was overall a very nice experience.

- **Q : There are a number of universities. What was the reason for choosing Brainware University?**
- **A** : I did not know a lot about the university to be honest. My colleagues were doing MBA from the university and they remarked that the university is approachable and one can easily interact with the university regarding any concerning matter. They listen to your issues and honour them. This was the only positive thing I knew before I joined the university. Having said that, unless you are inside any university, you really don't know the university. So after getting into the university and going through the semester, I think they were right in their assessment. This is going to be the same for people after me or who are like me, Brainware is a university where students like us get their share of the acknowledgement and understanding from the faculty. Especially the age of the instructors who are teaching us and the students like me is almost the same, and it is a slightly touchy area. After going through 4 semesters, I can easily say that this is a place where you can learn and enjoy.

- **Q : As you have attended both online and offline classes, which mode of education is better for you?**
- **A** : It was a period of 8 months before the lockdown where I have attended the offline classes. I would say if I would be much younger, I could have gained much more from my offline classes, as being a man of around 45-50 age, with a lot of other obligations, like family, other duties to look after, I could not take advantage of offline class to that extend. Though I tried to attend the classes. There can be no substitute for offline classes but the online classes have been extremely productive. It saved me from the traveling time, and I was very regular and attended most of the online classes. The online solution created by Brainware was quite good. The faculty members wonderfully provided us the resources online. Still, we hope that situation gets back to normal and the offline classes start soon.

**Continued on Page 2**

**Brainware University**



Colonel Jyoti Bhattacharjee

# ২২ -এ শ্রাবণ ও বৃক্ষ রোপন

তানিশ মুখার্জি

শুধু কাব্য এবং কবিতা নয়, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের হাত ধরেই শুরু হয়েছিলো বৃক্ষরোপণ উৎসববাঙালির মনে- প্রাণে, সুখে-দুঃখে, সবেতেই আছেন রবি ঠাকুর। গুরুদেব যেন মিশে আছেন বাঙালির আত্মার সঙ্গে। বাংলার ১৩৪৮ সালের ২২ শে শ্রাবণ অর্থাৎ ইংরেজির ১৯৪১ সালের ৮ অগস্ট, আমাদের ছেড়ে নিরুদ্দেশের দেশে পাড়ি দিয়েছিলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। এই বছর রবীন্দ্র প্রয়াণের আশিতম বার্ষিকী।


কবির ইচ্ছে ছিল, তাঁর শ্রাদ্ধ হবে শান্তিনিকেতনে ছাতিমগাছের তলায় বিনা আড়ম্বরে বিনা জনতায়। কবির ইচ্ছেকে প্রাধান্য দেয় শান্তিনিকেতন। শোকসভা করে নয়, বরং নতুন প্রাণের আবাহনের মধ্য দিয়েই চির অমর করে রাখা হয় এই দিনটিকে।

১৩৪৯ বঙ্গাব্দ থেকেই বাইশে শ্রাবণ দিনটি বৃক্ষরোপণ উৎসব হিসেবে পালন করে আসছে শান্তিনিকেতন। নিজের জীবনকালে কবি বহুবার পালন করেছেন বৃক্ষরোপণ উৎসব। ১৩৩২ বঙ্গাব্দের ২৫ শে বৈশাখ উত্তরায়ণে নিজের হাতে পঞ্চবটী (বট, অশ্বত্থ, অশোক, বেল, আমলকি) প্রতিষ্ঠা করেছিলেন রবীন্দ্রনাথ। তাঁর মৃত্যুর পর থেকে বাইশে শ্রাবণ দিনটিতে বৃক্ষরোপণ উৎসব উদযাপন করা হয়ে থাকে।

বৈদিক আদর্শ, প্রাকৃতিক নিদর্শন এবং শান্তিনিকেতনের নিজস্ব চরিত্র মিলেমিশে একাকার হয়ে যায় এই উৎসবে। প্রতীকী আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে বৃক্ষচারা রোপিত হয় আশ্রম চত্বরে। বৃক্ষরোপণ অনুষ্ঠানের দিন ভোরবেলায় কলাভবন ও বিশ্বভারতীর উদ্যান বিভাগের তরফ থেকে পড়ুয়ারা আশ্রম চত্বর ঘুরে জোগাড় করে নিয়ে আসেন টাটকা রঙিন নানা রকমের ফুল। সেই ফুল দিয়েই তৈরি করা হয় পঞ্চকন্যার বাহারি অলংকার। পঞ্চকন্যার সাজে সজ্জিত করা হয় কলাভবনেরই পাঁচ ছাত্রীকে। এই পঞ্চকন্যা বৃক্ষরোপণে পঞ্চভূতের প্রতিনিধি হিসেবে উপস্থিত থাকেন। অন্য দিকে, পঞ্চভূত অর্থাৎ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম-এর সজ্জায় উপস্থিত থাকে পাঠভবন বা শিক্ষাসত্রের খুদে পড়ুয়ারাও। আর তুলনামূলক বড়রা তাদের হয়ে পাঠ করে 'বনবাণী' কাব্যগ্রন্থের কিছু অংশবিশেষ।

পাঞ্জাবির রং, মাথায় মুকুটের নকশা এবং কপালে আঁকা টিপের পার্থক্য দিয়েই আলাদা ভাবে চিনতে পারা যায় পঞ্চভূতের প্রত্যেককে। বৃক্ষরোপণের দিন দুপুর থেকে বিকেলের মধ্যে কোন একটি নির্দিষ্ট সময়ে বর্ণাঢ্য শোভাযাত্রা সহযোগে চারাগাছটিকে নিয়ে আসা হয় নির্ধারিত স্থানে। সুসজ্জিত কাঠের তৈরি চতুর্দোলায় চার জন পালকি বাহকের কাঁধে চেপে চারাগাছ পৌঁছয় বৃক্ষরোপণের স্থানে। পাশে বেতের তৈরি সুসজ্জিত ছাতা হাতে থাকে দুই ছত্রবাহকও। শোভাযাত্রার একেবারে সামনের সারিতে থাকেন পঞ্চকন্যারা, যাঁদের প্রত্যেকের হাতের তামার পাত্রে থাকে উপকরণ। ক্ষিতির পাত্রে মাটি, অপের পাত্রে জল, তেজের পাত্রে প্রদীপ, মরুৎ-এর পাত্রে তালপাতার পাখা এবং ব্যোমের পাত্রে শঙ্খ।


মৃত্যুর আশি বছর পরেও আমাদের চলমান জীবনে প্রতি দিন কবিগুরুর অস্তিত্ব যেন অনস্বীকার্য।



রবীন্দ্রনাথ ঠাকুর

# Remembering Kishore Kumar: A powerhouse of talent

Rahul Mondal




What can one write about a legend about whom people already know so much? Just switch on the radio or any music app, the one song whose voice would always remain familiar is that of Kishore Kumar. It is nearly impossible that Kishore Kumar songs would not make it to the list of evergreen songs that make you smile. Rewriting his story, even on August 4, his 92nd birth anniversary, would be an act of foolishness. Nevertheless, we are not aware of many facts that reveal both his eccentricities and generosity.

A true motivation for all, Kishore Kumar simply did not care about any tradition. His singing was treated with utter disdain by composers like Naushad and others because he had no classical background. During the Sixties, he only used to get a chance to sing either for Dev Anand or for himself only. Composer Sachin Dev Burman only believed in Kishore Kumar. Else nobody believed in the talent that the younger brother of Ashok Kumar could do anything beyond yodelling. Tex Morton and Jimmi Rodgers were inspirations for his legendary yodelling.

Kishore Kumar was known for his eccentricities. In place of the nameplate outside his flat, he put up a sign that read "Beware of Kishore Kumar". When director Rahul Rawail came to Kishore Kumar to pay him the money, Kishore Kumar put Rawail's hand in his mouth when he wanted to shake hands with him. Surprised, Rawail asked why he had done that. He replied by asking Rawail to look at the nameplate outside.

An all-rounder, Kishore Kumar had a wide range of talents. Lata Mangeshkar was late for recording the song Aake Seedhi Lagi Dil Pe, so Kishore Kumar sang both parts of the song.


Kishore was very paranoid about payments. He showed up at the set with half make-up in a film because the producers hadn't paid him fully. There is a song called Paanch Rupaiya barah Ana, which was inspired by his debt of Rs. 5.75 to a college canteen in Indore. In an interview Amit Kumar describes an incident where Kishore Kumar became angry at the director because the movie was over budget and asked the team, "Call the director, this movie is over budget. As a producer, I am firing the director. Can you tell me where he is? The whole team then said, "You are the director.".

Kishore Kumar was a legend whom no one can forget. The most important part of this article is what we learned from him. His dedication, perseverance, and hard work served as his shield against hatred and allowed him to prove his talent. He did not become a sheep and join the herd that others chose to be. He instead followed his own path and thought of something different. The only thing that matters is what we have learned.




# বিশ্ব বরেণ্য বাঙালি আচার্য্য প্রফুল চন্দ্র রায়

শশাঙ্ক মন্ডল


আচার্য্য প্রফুল চন্দ্র রায়

প্রাচীন কাল থেকে চলে আসা ভারতবর্ষের সমৃদ্ধ বিজ্ঞান চর্চার ধারায় আবির্ভাব ঘটেছে অনেক উজ্জ্বল নক্ষত্রের। কিন্তু বৈজ্ঞানিক মনীষার সঙ্গে মানবপ্রেম ও স্বজাতি বোধ এই দুটি বিরল বৈশিষ্ট্যের সমন্বয় ঘটেছে কেবলমাত্র আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের মধ্যেই। তিনি প্রকৃত অর্থেই ছিলেন আচার্য। ২রা আগস্ট এই মহান ব্যক্তিত্বের ১৬০ তম জন্মবার্ষিকী। আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এমনই একজন ব্যক্তিত্ব যায় সম্বন্ধে লিখতে গেলে হয়তো শব্দ কম পড়ে যাবে, কিন্তু কথা শেষ হবে না।

ইংল্যান্ডের এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাকালীন প্রফুল্ল চন্দ্র রায় একটি প্রবন্ধ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। তাঁর বিষয় ছিল Indian before and after the the mutiny অর্থাৎ 'সিপাহী বিদ্রোহের আগে ও পরে ভারতবর্ষ'। তিনি এই প্রবন্ধে বলেছেন ইংল্যান্ড ভারতের প্রতি তার যথাযথ কর্তব্য পূরণে ব্যর্থ। তিনি আরো বলেন যে 'সিপাহী বিদ্রোহের পূর্বে মুঘল নবাবদের রাজত্বকাল বিদ্রোহের পরবর্তী ইংরেজ রাজত্বকাল এর চেয়ে অনেক বেশি ভালো ছিল'। ব্রিটিশ সাম্রাজ্যবাদের পীঠস্থানে বসে তাদের এরূপ আক্রমণ করা সুগভীর দেশপ্রেমের এক জ্বলন্ত নিদর্শন ছিলো। বঙ্গভঙ্গ আন্দোলনের সময় উনিশটি দেশাত্মবোধক গানের সংকলন বের করেন তিনি, যার নাম দেন উদ্দীপন।

প্রফুল্ল চন্দ্রের ছাত্ররাই ছিল তাঁর একমাত্র পরিবার ও সঙ্গী। ছাত্রদের মনোবল বাড়াতে এবং পড়াশোনায় আরো আগ্রহী করে তুলতে তিনি সর্বদাই তাদের বলতেন 'দেশের গরীব মানুষের পয়সায় লেখাপড়া শিখছিস তাদের সেই ঋণের বোঝা একদিন ফিরিয়ে দিতে হবে'।

প্রফুল্ল চন্দ্র রায়ের সেরা সৃষ্টি 'History of Hindu Chemistry'। তাঁর এই বইটির উচ্ছ্বসিত প্রশংসা করেন বিখ্যাত রসায়ন বিজ্ঞানী মার্সেলিনো বার্থেলো। বিজ্ঞান গবেষণা এবং অগ্রগতির অধঃপতনের জন্য একটি মূল কারণ তুলে ধরেছিলেন তিনি। সেটি হল যেদিন থেকে মাথার কাজ বড় হয়ে উঠলো হাত-পায়ের কাজের কোনো দামই রইলো না, সেদিন থেকে বিজ্ঞান ও প্রযুক্তির অধঃপতন শুরু। তিনি সর্বদাই মনে করতেন শিল্পায়নের মধ্যে দিয়েই ভারতবাসীর অর্থনৈতিক এবং সামাজিক অগ্রগতি ঘটবে।

তাই ইংরেজ সরকারের অজস্র বাধা ও অসহযোগিতা কে উপেক্ষা করে তাঁর একক প্রচেষ্টায় ১৯০১ সালে প্রতিষ্ঠিত হয় বেঙ্গল কেমিক্যালস এন্ড ফার্মাসিউটিক্যাল লিমিটেড। তিনি বেঙ্গল কেমিক্যালস এর আধুনিকীকরণ এর জন্য শেয়ারহোল্ডারদের লাভের খানিকটা অংশ এই প্রতিষ্ঠানে দান করতে বলেছিলেন। কিন্তু স্বার্থান্বেষী শেয়ার হোল্ডাররা তার এই প্রস্তাবে আপত্তি জানায়। তাই রাগে দুঃখে অভিমানে নিজেরই তৈরি করা স্বপ্নের বেঙ্গল কেমিক্যালস এর সভাপতি পদ ছেড়ে চলে আসতে বাধ্য হলেন। নিজের পদত্যাগপত্রের শেষে তিনি লিখেছিলেন 'এই দেশ একদিন আমার খুব চেনা ছিল আজ পুরোই অচেনা'।

# 'I finished this course on a happy note'

From page 1

***Q: So, how was the transition from engineering to humanities?***

A.: Being a student all along in Engineering, you are tuned in a certain different way. Your thinking, perception, the response is generally different from others. Even in my engineering days, I used to read a lot of history books and other diverse topics. Stating so, mass communication is such an area where you have to be the Jack of all trades, you need to have some idea about everything. That catered to my interest and lead me to pursue this course. You need to have your facts and data absolutely correct. It made me understand the media world in a better aspect.




***Q: How was your experience of restarting your studies?***

**A.:** When you restart anything, there are always some starting issues. Both career and academics have their own set of requirements and it is best addressed when you are young. I have learned that challenges have to be made and you have to change yourself. Getting out of comfort zone is the first thing that I had to do. Sitting with books was a little difficult. Difficulties like these test you. Other issues like balancing your responsibility towards your parents, family, children, social commitments, official obligations, made the learning more interesting as I had to deal with my studies along with all these. I worked on the issues and managed them and continued my learning. And finished this course on a happy note.

***Q: Have you done any internships with us? If yes then how was the experience?***

A.: As a serving government official, I cannot take any job with anybody. Having said that, an internship was a requirement in the 3rd semester. I spoke to my office regarding this, and my office was kind enough to accommodate me the Public Relations Department, I worked for 3 months, it was the add hock arrangements for me to gain some experience. The internship process was enjoyable. The practical aspect of journalism, and the public relations department, is something that I learnt from my internship.

***Q: Your journey is truly inspiring. What is going to be your message for your juniors and the people who are thinking of restarting their studies?***

**A.**: For the young people, who will continue their studies in Mass Communication, I want to tell them that there is no substitute for fieldwork, good reading and recalling things when necessary. And no matter what, hard work always pays. It is fashionable to talk about smart work but it leaves a lot of holes everywhere. And also, there is no substitute for Raw reporting from the ground. To be in any professional field, you need to have experience of the ground along with the professionals of the field. Only then you'll understand the temperament of the profession.

And for the people who are thinking of restart, I would advise them not to restrain themselves in just one domain. Like if you are from finance background, you can always choose finance to continue your higher studies. But if you have an interest in another subject and wish to explore it, then go for it. Don't just keep on adding degrees to your CV. Choose a course that will enhance your value. And the course should not focus only on the time invested in doing the course, but the learning should be carried on throughout life.

# গোলাপী শহর জয়পুর সফরের কিছু মুহূর্ত আপনাদের সামনে


জল মহলের বাইরে

সোহিনী পোড়েল

রাজস্থান নামটা শুনলেই প্রথমেই মনে কি আসে? মরুভূমি, শৈলশহর, এছাড়াও ইতিহাসের রাজাদের কাহিনী, বিভিন্ন স্থাপত্য আরও কত কি! আর এই রাজস্থানের জয়পুর আমাদের সকলের কাছে 'গোলাপী শহর' নামেই পরিচিত। এই গোলাপী শহর ঘোরার ইচ্ছে আমাদের সবারই একবার হলেও মনে হয়েছে। ইচ্ছে পূরণে আমিও ২০১৯ সালের ডিসেম্বরে জয়পুরের উদ্দেশ্যে বেরিয়ে পরলাম।


প্রথমে আমি রাজস্থানের পুষ্করে পৌঁছেছিলাম। সেখান থেকে কয়েক কিলোমিটার দূরে গোলাপী শহর অর্থাৎ জয়পুরের উদ্দেশ্যে রওনা দিলাম। জয়পুরে পৌঁছে একটি হোটেলে পৌঁছাই। হোটেলে প্রবেশের আগের মুহূর্তেই পথেই দেখে নিয়েছিলাম অম্বর ফোর্ট ও জলমহল। জয়পুরের উল্লেখ্যযোগ্য জায়গাগুলির মধ্যে অন্যতম হল গোবিন্দজীর মন্দির, নবাব সাহেব কি হাভেলী, পোলো গ্রউন্ড, সূর্যমন্দির।

অম্বর ফোর্ট ও জলমহল ঘোরার স্মৃতিচারণ করলে মনে পড়ে তৎকালীন সময়ের রাজারা যে সৌন্দয্যের পূজারী ছিলেন তা সমস্ত নিদর্শনের মাধ্যমে তুলে ধরেছেন তাঁরা। তা বলতে প্রায় কয়েক দশক হয়ে গেছে। তবুও সেই নিদর্শনগুলি একই রকম আছে।

এরপর আমি প্রথমে পৌঁছালাম জয়পুরের সিটি প্যালেসে। এখানে পাথরের কাজ ও দেওয়াল গুলোতে বিভিন্ন রকমের রঙিন কাঁচ বসিয়ে যে কারুকার্য করা হয়েছে তা আজও অক্ষত আছে। প্রাসাদের প্রতিটি ঘর ও বারান্দার সিলিংয়ের কাজ এতটাই সুন্দর যে, তা দেখলে সবাই বিস্মৃত হবে।

আমার পরবর্তী গন্তব্য একটি সংগ্রহশালা। যেখানে বিভিন্ন জিনিস সংগ্রহ করে রাখা আছে। তার মধ্যে একটি উল্লেখযোগ্য সংরক্ষণ হল দুটি বড়ো জালা। প্রতিটি জালা তিন কুইন্টাল বস্তু ধারণ করতে পারে বলেই আমার মনে হয়। এখানে একটি অস্ত্রাগারও আছে। সেই অস্ত্রাগারের দেওয়ালের কারুকাজ দেখলে মানুষ অবাক হবেই।

আমার জয়পুর শহরের কিছু মুহূর্ত আপনাদের সামনে তুলে ধরলাম। ঘুরেই আসুন না একবার, আপনার স্বপ্নের গোলাপী শহর।


জল মহলের ভিতরে

# শহর থেকে দূরে, ভালকি মাচান জঙ্গলে



লুসী ঘোষাল

বেড়াতে ভালোবাসেনা এমন বাঙালি প্রায় অমিল। দৈনন্দিন কাজের চাপে এবং একঘেয়েমি জীবনযাপনে ক্লান্ত শরীর ও মন একটা সময় চায় একখন্ড অবসর যাপন। সেই অবসর যাপনের তাগিদে সপ্তাহান্তে একটু সময় বের করে সহজেই পৌঁছানো যেতে পারে পূর্ব বর্ধমানের গুসকরা সংলগ্ন ভালকি মাচানে।

হাওড়া থেকে বোলপুরগামী যেকোন ট্রেনে চেপে গুসকরা স্টেশনে নেমে ভাড়াগাড়ি করে সড়কপথে দূর্গাপুর এক্সপ্রেসওয়ে ধরে বর্ধমানের পারাজ থেকে ডানদিকে অভিরামপুর হয়ে সোজা পৌঁছান যায় ভালকি মাচান। পারাজ থেকে ভালকি মাচানের দূরত্ব মাত্র ১৬ কিমি।

গুসকরা বনাঞ্চলের একটা বড় অংশ জুড়ে রয়েছে ভালকির জঙ্গল। এই ভালকি মাচানের নাম নিয়ে প্রচলিত রয়েছে বেশ কিছু গল্পগাথা। তবে সবচেয়ে জনপ্রিয় গল্পগাথাটি হল, অনেক আগে এই জঙ্গলে ভালুক থাকত। রাজারা ভালুক শিকারের জন্য মাচান তৈরি করেছিলেন। সেই থেকেই নাকি এর নাম ভালকি মাচান। অনেকের মতে আবার ভল্লুপদ রাজার নামানুসারে এই জঙ্গলের নাম ভালকি।

জঙ্গলের মধ্যেই রয়েছে 'অরণ্যসুন্দরী' নামের বনবাংলো। এই বনবাংলো থেকে একটু এগিয়ে গেলেই দেখা যায় ভল্লু রাজার দূর্গ। এর খুব কাছেই রয়েছে যমুনা দিঘি। দিঘির চারিপাশ ঘিরে রয়েছে গোলাকৃতি বাগান। সেই বাগানে রয়েছে মাথার উপর ছাউনি দেওয়া কংক্রিটের বসার জায়গা। পর্যটকদের জন্য রয়েছে দিঘিতে মাছ ধরার ব্যবস্থা ছাড়াও বোটিংয়ের ব্যবস্থা। অদূরে দেবদারু, শাল, সেগুন, আমলকী, হরিতকি, শিমূলের জঙ্গল যেখানে রয়েছে বিভিন্ন রঙের পাখি, এমন পরিবেশ যা শারীরিক ও মানসিক ক্লান্তি দূর করে। জঙ্গলের ভেতর দিয়ে রাস্তা চলে গিয়েছে ছোট ছোট গ্রামে, যা প্রায় জনশূণ্য।

যমুনা দিঘির উত্তরদিকে রয়েছে একাধিক প্রাচীন থাম। বলা হয়, এই থামগুলি তৈরি করেন জমিদাররা। এই থামের উপর থেকে শত্রুদের উপর নজর রাখা হত। সেই কারণে এই থামগুলি ওয়াচ টাওয়ারের কাজ করত। ৫টি থামের মাঝখানে কিছুটা জায়গা জুড়ে লোহার জালে ঢাকা একটি কুয়োর মত রয়েছে। কথিত আছে, এর নিচে একটি সুড়ঙ্গ অবস্থিত যা ২৫ কিমি দূরে অবস্থিত বর্ধমান রাজবাড়ি পর্যন্ত বিস্তৃত। অনেকের মতে এই সুড়ঙ্গ দূর্গাপুর পর্যন্ত বিস্তৃত। এই পথ নাকি বিপ্লবীরা ব্যবহার করতেন, এমন কথাও লোকমুখে শোনা যায়। বড় শান্ত, স্নিগ্ধ, মনোরম পরিবেশ এই ভালকির জঙ্গলের। এখানে কোন হিংস্র জন্তু জানোয়ারের দেখা মেলে না। থাকার মধ্যে আছে বনবিড়াল, বাঁদর, শেয়াল। এছাড়াও নানা রকমের সাপের দেখা মেলে এই জঙ্গলে। আর মাঝেমধ্যেই দলমা পাহাড়ের হাতিরা চলে আসে জঙ্গলের পথ ধরে।

ভালকি মাচানের মাত্র ১০ কিমি দূরে যমুনা দিঘিতে রয়েছে মৎস্য দফতরের মাছ চাষের কেন্দ্র। তার কাছেই রয়েছে ডোকরা শিল্পের গ্রাম। শহরের কোলাহল থেকে দূরে মানসিক শান্তির খোঁজে এবং জঙ্গলের মনোরম পরিবেশ উপভোগ করতে হলে কাছাকাছির মধ্যে ভালকি মাচানের মত একটা জায়গা নিঃসন্দেহে প্রশংসনীয়।

# আন্তর্জাতিক বাঘ দিবস এবং বাঘ দেখার সঠিক ঠিকানা



স্বাগতা রায়

বাংলার বাঘ বিশ্বব্যাপী রয়েল বেঙ্গল টাইগার বলে পরিচিত। আর এই বাঘ ভারতবর্ষের গর্ব। গত ২৯শে জুলাই ছিল আন্তর্জাতিক বাঘ দিবস।বাঘের প্রাকৃতিক আবাস রক্ষা করা এবং বাঘের সংরক্ষণের জন্য সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে প্রতিবছরের ২৯ জুলাই বিশ্ব বাঘ দিবস পালন করা হয়। ২০১০ সালে সেন্ট পিটার্সবার্গে অনুষ্ঠিত বাঘ অভিবর্তনে এই দিবসটির সূচনা হয়। পুরো বিশ্ব জুড়ে 'বিশ্ব বাঘ দিবস' পালন করা হলেও বাংলাদেশ, ভারত, নেপাল সহ কয়েকটি দেশে বাঘের ঘনত্ব বেশি থাকায় এসব দেশে গুরুত্বসহকারে দিবসটি পালন করা হয়।

বনের পরিবেশের ভারসাম্য রক্ষায় বাঘের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাঘের সংখ্যা কমে গেলে বনের পরিবেশের ভারসাম্য হারাবে। ২০১৫ সালের বাঘশুমারির প্রতিবেদন অনুসারে, সুন্দরবনের বাংলাদেশ অংশে বাঘের সংখ্যা ছিল ১০৬টি। উল্লেখ্য, বাংলাদেশ এবং ভারতের ১০ হাজার বর্গকিলোমিটার জুড়ে অবস্থিত পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বনাঞ্চল সুন্দরবন যার ৬০ শতাংশ বাংলাদেশে অবস্থিত। পরবর্তীতে ২০১৭-২০১৮ বাঘশুমারি তে বাঘের সংখ্যা আরও ৮টি বেড়ে মোট সংখ্যা দাঁড়ায় ১১৪টি। এদিকে ভারতের অংশে ২০১৯ সালের জরিপ অনুসারে বাঘ আছে ৯৬টি। দুই বছর আগে অর্থাৎ ২০১৭ সালে ছিল ৮৭ টি।

ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার অনুযায়ী, গত ১৫০ বছরে বাঘের সংখ্যা ৯৫৫ শতাংশ কমেছে। তাই আজকের দিনে, বিশ্ব বাঘ দিবস উপলক্ষ্যে আমরা সকলে ভারতীয় বাঘ সংরক্ষণাগারের দিকে নজর রাখি।

১.বান্ধবগড় টাইগার রিজার্ভ, মধ্যপ্রদেশ

এটি রয়েল বেঙ্গল টাইগারের বাসস্থান হিসেবে পরিচিত, বান্ধবগড়ে বাঘের জনসংখ্যার ঘনত্বের জন্য ভারতে সর্বাধিক পরিচিত। বান্ধবগড়ের একটি ট্রিপ আপনাকে ক্রমাগত সবুজের দিকে নিয়ে যাবে যা বিভিন্ন প্রজাতির বন্যপ্রাণীর প্রাকৃতিক আবাস্থল। এখানে, আপনি রাজকীয় বাঘের ঝলক দেখার জন্য সাফারি যাত্রা উপভোগ করতে পারেন। এবার স্বয়ং বাঘ মামা আপনাকে দেখা দেবেন কিনা তা সম্পূর্ণ নির্ভর করছে আপনার ভাগ্যের উপর।

২.জিম কর্বেট টাইগার রিজার্ভ, উত্তরাখণ্ড

এই জাতীয় উদ্যানটিকে যথাযথভাবে বাঘের আশ্রয়স্থল বলা যেতে পারে, কারণ এর অপূর্ব প্রাকৃতিক দৃশ্য যা বিভিন্ন প্রজাতির উদ্ভিদ ও প্রাণীর বাসস্থান। জিম কর্পেট জাতীয় উদ্যানটি ভারতের প্রথম জাতীয় উদ্যান, এবং উত্তর ভারতের উত্তরাখণ্ডের পার্বত্য রাজ্যে ১৯৩৬ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এটি । এখন, এটি ভারতের অন্যতম বিখ্যাত বন্যপ্রাণী স্পট, যা দেশজুড়ে বেশ কিছু বন্যপ্রাণী উৎসাহীদের দ্বারা আকর্ষিত করে।

৩.সুন্দরবন টাইগার রিজার্ভ, পশ্চিমবঙ্গ

এটি পশ্চিমবঙ্গ রাজ্যের সুন্দরবন ব-দ্বীপে অবস্থিত একটি বাঘ এবং বায়োস্ফিয়ার রিজার্ভ। সুন্দরী গাছের নামে নামকরণ করা এই পার্কটি জাতীয় পার্ক হিসাবে ১৯৪৮ সালের ৪ মে প্রতিষ্ঠিত হয়েছিল। সুন্দরবন জাতীয় উদ্যানটি বাস্তবে এক সাথে অনেকগুলি জিনিস, অর্থাৎ এটি একটি বাঘের রিজার্ভ, একটি জীবজগৎ রিজার্ভ এবং একটি জাতীয় উদ্যান একসাথে। আপনি যদি এই স্থানটি দেখার পরিকল্পনা করেন, নভেম্বর থেকে মার্চের মধ্যে আপনার ভ্রমণের পরিকল্পনা করুন, যখন আবহাওয়া মনোরম থাকে, এবং বাঘ দেখা এবং অন্যান্য বন্যপ্রাণী দেখার জন্য ওটিই যথার্থ সময়।

## SUDOKU


| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 9 | 1 | | | 2 | | 5 | | 8 |
| | | | 5 | 1 | | 3 | | 2 |
| | 5 | | 3 | | 6 | 1 | | 7 |
| | 4 | | 1 | 7 | | 9 | | |
| 8 | 9 | 1 | | | | 4 | 7 | |
| 7 | | | | | | | 5 | |
| 4 | 7 | 9 | 2 | 3 | 1 | | | |
| | | 2 | | 9 | | | | 4 |
| 5 | | 8 | 4 | | | | | 9 |



The golden rays of the sun lights up Kanchenjunga. Picture by Soumik Dey



Brume by Kaustav Deb



A storehouse of knowledge. Picture by Mousumi Das



Holy waters. Picture by Soumik Dey



In the middle of nowhere. Picture by Deblina Ghorai

## Entertainment News

# Raj Kundra arrested, Shilpa breaks silence

Moupiya Maity

Raj Kundra, the husband of popular Bollywood actress Shilpa Shetty, was arrested on July 19 for being associated with blue films. Mumbai police arrested the businessman after getting all the information and evidence. It is alleged that he used pornography on social media.

After Raj's arrest, Gahana Vasisth, who worked in three films produced for Raj Kundra's app, had in a video said "erotic content was different from pornography".



Raj Kundra And Shilpa Shetty

Shilpa Shetty spoke this week for the first time about Kundra's arrest in the production and distribution of pornographic content case. The actress has released a statement on social media and revealed that false quotes are being attributed to her. "Yes! The past few days have been challenging, on every front. There have been a lot of rumours and accusations.

A lot of unwarranted aspersions on me cast by the media and (not so) well wishers as well. A lot of trolling/questions posed… not only to me but also to my family."Mumbai's police commissioner said, "In February 2021, a case of making blue films and publishing them on a special website was registered through the Mumbai crime branch. The investigation of this case started from then. Before the Mumbai crime branch took over the case, there was a complaint with the Maharashtra cyber department about the porn films racket. The Malwani police had filed FIRs on the basis of complaints received from two women, while another one woman had submitted a complaint at the Lonavla police station, since then, the police have been searching for people associated with this industry.

He also said that during the investigation, it came to light that some small-time artistes were lured by giving them a break in some web series or short stories. These actors were called for auditions and were asked to portray 'bold' scenes, which later turned out to be semi-nude or nude scenes, against the wishes of the actors.

Raj said he was not involved in the matter in any way. He denied all the claims of the Mumbai police and sought anticipatory bail.

Police raided Raj-Shilpa's house on July 22. And after that they got 700 porn videos. These were made with the help of various production houses by Raj's former PA Umesh Kamath. Raj and Umesh's WhatsApp chat revealed that after removing the Hotshots app from Google playstore, they were looking for a more secure place to keep these videos. They were also planning to make soft porn. Police also recovered a server from Raj- Shilpa's house, which was sent to the forensic lab. It remains to be seen whether pornography videos from this server were sent to Raj Kundra's UK company Kernin. Police conducted a search of Viaan Industries office and JL Stream office and found some information about Raj Kundra and his UK-based brother-in-law Pradeep Bakshi. They have discussed in detail about the subscription payment of porn clips uploaded in Kernin app. And from there the information came to the hands of the police that Raj knew that the videos uploaded in the Hotshots app was illegal.

Eventually Kundra was arrested. Mumbai police said they had enough evidence that Raj was involved in the scam. At least 11 persons have been arrested so far in the case, according to the police.

# Cinema halls reopen

Anushree Ball

The West Bengal government has allowed cinema halls to reopen from July 31. Throughout the months of May-June-July, Bengali film viewers could not go to the cinema halls according to Covid-19 guidelines.

Now that the situation is under control, the audience will get a chance to watch movies again. Some single-screen proprietors have, however, restarted their operations in districts with old films. However, movies will be shown at 50 per cent occupancy. Night shows are currently cancelled due to the 9pm to 5am curfew. Satadeep Saha, the co-owner of Ajanta cinema and a local multiplex, said several cinema halls were unable to reopen as employees had gone to their native places in other states after the announcement of the closure in May.

A spokesperson for SVF Productions, a leading Bengali film producer and distributor of Bollywood films, said, "We are yet to decide about the releases and will decide by early next week." SVF Productions, which also runs several multiplex facilities, is yet to open any screens.

"We will soon decide on this after considering all factors and sanitisation measures," the spokesperson added.



CINEMA HALL

# Lovlina Borgohain: Rural Assam to world stage




Anowar Hussain

Lovlina Borgohain is only the third Indian boxer to clinch an Olympic medal as she sealed a place in the women& 39s welterweight category. The 23-year-old Indian boxer, in a virtual press conference, said that she "is not going to stop here" and will be gunning for the top prize in her category. When asked about what medal she wants to return home with from the Japanese capital, Lovlina said, "There is only one medal and that is gold, that is what we compete for."

Following the exciting Olympic medal win of weightlifter Mirabai Chanu at the Tokyo Olympics, on July 30, 2021, Lovlina scripted history. She has assured India of its second medal at the Tokyo Olympics after beating former world champion Chen Nein-Chin of Chinese Taipei in the quarter-final of the women's welterweight boxing at the Ryogoku Kokugikan Sumo Stadium.



**PM Narendra Modi**

Well fought @LovlinaBorgohai ! Her success in the boxing ring inspires several Indians. Her tenacity and determination are admirable. Congratulations to her on winning the Bronze. Best wishes for her future endeavours. #Tokyo2020

By virtue of a place in the semi-final, Lovlina Borgohain is assured of at least a bronze medal. But our expectations are high about the bold combatant. She is only Indian boxer after Mary Kom and Vijender Singh to win a boxing medal for India in the Olympics. She will take on world champion Busenaz Surmeneli of Turkey in the semi-final on August 4.

Lovlina is the youngest of three siblings; she has two older sisters. Hailing from a village called Bormukhia located at the town of Barpathar in the Golaghat district, Assam, she belongs to a family who rely on paddy farming. In February, she made a two-day trip to her village Bormukhia from Army Sports Institute, Pune, where she was training. Her mother Mamoni Borogohain was suffering from kidney failure and undergoing an operation in Kolkata. TheIndian boxer made sure she was by her mother's side during those tough times.

She has not been home since, and now, she will carry an Olympic medal home. A 4-1 win over Chen assured her of a bronze medal in the 69-kg category. For the Borgohain family, it was a time to celebrate as well as remember the tough times they had faced. "The biggest joy for us is to watch Lovlina play, and the medal she brings from Tokyo will be our prized possession. When her mother suffered a failure of both kidneys, she was worried and would not sleep at night worrying about her.

When we got the donor, she was able to spend only two days, she made sure she supported the family. It was a second life for my wife and to see Lovlina return with a medal from Tokyo will be a cherished moment for all of us after all the tough times," Lovlina's father Tiken Borghain, said in an interview. Speaking at the virtual press conference, Lovlina stated, "I started thinking that no matter the situation, I would give my best. I want to win even if I am fighting with a broken hand." She has made India and Assam so proud with her stellar performance.

# Olympics hockey: India Eves make history, but lose semis

Shreya Saha

The Indian women's hockey team made history on Monday as they defeated Australia 1-0 to book their place in the semi-final for the first time in the Olympics. Gurjit Kaur's goal from a penalty corner in the second quarter was enough for India to win the quarter-final against Australia. However, on Wednesday, their dream of winning a gold medal on their maiden entry into the knockout stages ended in a 1-2 defeat to Argentina in the semi-finals.

Drag-flicker Gurjit Kaur put India ahead in the second minute but Argentina's skipper Maria Noel Barrionuevo scored a brace to help her team emerge 2-1 winners and reach the final. India will play Great Britain for the bronze medal on Friday. Last week, the team kept its hopes of progressing to the knouts alive with a crunch 4-3 win over South Africa. This was a crucial win for India that put them ahead of Ireland in the qualification spot.



Women's hockey team members celebrating their win

India has done all it can to ensure quarterfinals qualification. The Indians, determined to prove a point, produced a strong and brave performance to eke out the narrow win over the Hockeyroos. Drag-flicker Gurjit Kaur converted India's lone penalty corner in the 22nd minute to surprise the Australians. India's best performance in the Olympics came way back in the 1980 Moscow Games where they finished fourth out of six teams. In that edition of the Games, women's hockey made its debut in the Olympics and the sport was played in a round-robin format with top two teams qualifying for the final. In the game versus South Africa, India drew first blood just before the fifth minute in the form of Vandana Katariya. Striker Vandana scored a historic hat-trick to keep alive the Indian women & hockey team& quarter- final hopes in the Olympics with a fighting 4-3 victory over lower-ranked South Africa in its must-win final group match here on Saturday. Young Neha Goyal (32 nd minute) was the other goal-getter as the Rani Rampal-led side registered its second consecutive win at the Games.

All three results were possible in the fourth and final quarter but, India could only settle for a win and ill-afford the other two scenarios - a draw or a loss and that is exactly what happened as Vandana netted the third goal to not only complete a personal hattrick but to also shift the momentum in India's favour. From thereon, India ensured that there were no further hiccups until the final whistle was blown as they won their second match of the ongoing Tokyo Olympics 2020. The Rani Rampal-led side will play Argentina in the semifinal.

# ভারত বনাম শ্রীলংকা টি টোয়েন্টি ম্যাচে ভারতের অপ্রত্যাশিত হার



ভারতকে হারিয়ে উচ্ছ্বসিত শ্রীলঙ্কা দল

সঞ্জীব মণ্ডল

ভারত বনাম শ্রীলংকা, দ্বিতীয় টি টোয়েন্টি ম্যাচে দুঃখজনক হারের শিকার হলো ভারত। শিখর ধাওয়ান এর দল ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে মাত্র ৮১রান করে; অন্যদিকে শ্রীলংকা ১৪.৩ ওভারে মাত্র ৩ উইকেট হারিয়ে ম্যাচ এবং সিরিজও জিতে নেয়।

শ্রীলংকার বিরুদ্ধে দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচ খেলার আগেও সমস্যার মুখে পড়েছিল ভারতীয় দল। করোনায় আক্রান্ত হওয়ার কারণে কুনাল পান্ডিয়া সহ ভারতীয় দলের মোট ৮ জন খেলোয়ার এই সিরিজ থেকে ছিটকে গেছিলেন।

দ্বিতীয় ম্যাচে ভারতীয় দলে একসঙ্গে মোট চারজন নতুন খেলোয়াড় কে খেলার সুযোগ করে দিয়েছিল ভারতীয় বোর্ড। ২৮ তারিখের ম্যাচে ঋতুরাজ গায়কোয়াড়, চেতন সাকারিয়া, নীতিশ রানা ও দেবদত্ত পডিক্কল, এই চারজন যুব খেলোয়ার কে দেখতে পাওয়া যাবে ভারতীয় দলে।কুনাল পান্ডিয়া ও তার সংস্পর্শে আসা সকলকে কোয়ারেন্টিনে রাখা হয়। যে আট জন এই বুধবারের ম্যাচ থেকে বঞ্চিত হয়েছেন তারা হলেন কুনাল পান্ডিয়া,পৃথ্বী শ, সূর্যকুমার যাদব, হার্দিক পান্ডিয়া, দীপক চাহার, মণীশ পাণ্ডে, ঈশান কিষাণ ও কে গৌতম। এই কারণেই ভারতকে বাধ্য হয়ে ছয়জন বলার কে নিয়ে নামতে হচ্ছে শ্রীলংকার বিরুদ্ধে ম্যাচে।

এই শতকে জন্মানো কোন খেলোয়াড় ভারতীয় দলের জার্সি পড়ে খেলছে। এমন ঘটনা ভারতীয় ক্রিকেট ইতিহাসে প্রথম ঘটেছে। ২১ বছর বয়সী বাঁহাতি ব্যাটসম্যান দেবদত্ত পড়িক্কল , তার জন্ম ৭ জুলাই ২০০০ সাল।

এই ম্যাচে ভারত টি-টোয়েন্টি ফরম্যাটে শুধু সর্বনিম্ন স্কোর ই করেনি তার সঙ্গে একটি লজ্জার রেকর্ড ও গড়েছে ; সমগ্র বিশ্বে এর থেকেও কম রানে ইনিংস গুটিয়ে যাওয়ার রেকর্ড আছে কেবল ওয়েস্ট ইন্ডিজের তারা ২০১০ সালে জিম্বাবোয়ের বিরুদ্ধে ৭ উইকেট হারিয়ে ৭৯ রানে গুটিয়ে গেছিল। ম্যাচ বাতিলের কথা এবং কুনাল পান্ডিয়ার করোনা রিপোর্ট পজিটিভ আসার কথা একটি টুইট বার্তায় বলা হয় ভারতীয় বোর্ডের তরফ থেকে।

# Why is Russia not participating in the Tokyo Olympics?


Kaustav Deb

Russia is not participating in the 2021 Tokyo Olympics as the World Anti-Doping Agency (WADA) banned Russia from participating in any international sports events for four years.

In September 2018, after multiple investigations, WADA lifted the sanctions on the condition that Russia hand over athlete data from its Moscow laboratory to doping regulators, which would help identify hundreds of athletes who may have cheated across various sports.

Russia wa then accused of manipulating that database, leading to the WADA panel suggesting the four-year ban. Immediately after the allegations surfaced, the accreditation of Russia's anti-doping lab was suspended in 2015.After the preliminary investigations, the IOC removed 111 athletes, including the entire track and field team, from Russia's 389-member contingent for the Rio Olympics.

At the Tokyo Olympics, there are 335 sportspersons from Russia competing with athletes from around the world. Yet, unlike their counterparts, the Russians are not allowed to use their country's name, flag, and anthem, and are competing under the acronym "ROC", which stands for Russian Olympic Committee. But the Russian OlympicCommittee was barred from attending the event and the country's flag was not officially displayed at any of the venues. Russian athletes, too, were forced to wear neutral uniforms with "Olympic Athlete From Russia" printed on them.



Mikhail Igolnikov participating from ROC

In 2020, the Court of Arbitration for Sport (CAS) reduced the initial ban of four years to two, but it ensured that no official Russian team can participate in events organised by a WADA signatory until the sanction term ends on December 16, 2022.This means that official Russian teams are out of the 2020 Summer Olympics, next year's Paralympics in Tokyo as well as the Beijing Winter Olympics. Even at the 2022 World Cup in Qatar, Russia would have to compete under a neutral name, if it qualifies. Russia is also not allowed to host any world sporting event whose governing body is registered with WADA during the ban period.

According to a report in The Independent, Russia will be reinstated after the ban term ends, if it respects and observes all imposed sanctions, pays its fines and contributions, and starts adhering to WADA regulations.

WADA president Witold Bańka told USA Today, "We at WADA remain disappointed that CAS has decreased the level of the sanctions from four years to two years and that CAS allows them to compete as Russian athletes with the colours of the flag in the uniforms."

The ROC players are only those who have been able to prove that they were not part of the doping scam. As per the IOC, "All public displays of the organisation's participant name should use the acronym 'ROC', not the full name "Russian Olympic Committee".

# পরপর দুবার অলিম্পিকে মেডেল জিতে ইতিহাস গড়লেন পিভি সিন্ধু

সুইটি মন্ডল

নিজস্ব প্রতিনিধি: স্ট্রেট সেটে চিনা প্রতিদ্বন্দ্বী হি বিংজিয়াও-কে হারিয়ে ২০২১ টোকিও অলিম্পিকে ভারতের ঝুলিতে দ্বিতীয় পদক এনে দিলেন পি ভি সিন্ধু। এদিন সেমি ফাইনালে বিংজিয়াও-কে ২১-১৩, ২১-১৫ তে হারিয়ে ব্রোঞ্জ জিতলেন তিনি।

অলিম্পিকে ভারতের একমাত্র মহিলা হিসাবে জোড়া পদক অর্জন করার পরে, প্রধানমন্ত্রী থেকে রাষ্ট্রপতি, সকলেই অভিনন্দন জানিয়েছেন সিন্ধুকে। কিন্তু সেই আবেগে গা ভাসাতে নারাজ তিনি , ব্রোঞ্জ জয়ের খুশির থেকেও বেশী করে উঠে আসছে ফাইনালে উঠতে না পারার দুঃখ।

গতবার (রিও অলিম্পিক ২০১৬) রূপো পাওয়ার পর , টোকিও অলিম্পিকে এ গোটা দেশের চোখ ছিল ভারতের ব্যাডমিন্টন মহাতারকার দিকে। দুরন্ত ফর্মে থাকা সিন্ধুর থেকে সোনার আশা করেছিলেন অনেকেই। কিন্তু সেমিফাইনালে বিশ্বের একনম্বর খেলোয়াড় তাই জু ইংয়ের কাছে হেরে যান পি ভি সিন্ধু , ফলস্বরূপ সোনা বা রূপো জেতার স্বপ্ন ভঙ্গ হয়ে যায় তার ।



টোকিওতে ব্রোঞ্জ জয় সিন্ধুর

রবিবার ম্যাচের পর পি ভি সিন্ধু বলেন, "বহু বছর ধরে কঠোর পরিশ্রম করছি। কিন্তু এখন আমার মনে বিভিন্ন ধরনের আবেগ কাজ করছে। ব্রোঞ্জ জিতে খুশি হব নাকি সোনা জেতার সুযোগ হারানোয় দুঃখিত, সেটা নিজেই বুঝতে পারছি না। তবে এখন আবেগকে দূরে সরিয়ে রাখতে হবে। পদক পেয়ে সত্যিই খুশি। দেশকে গর্বিত করতে পেরে আমি খুশি।"

টোকিও অলিম্পিকে মেয়ের ব্রোঞ্জ জেতার দেখার পরই আবেগে ভাসলেন পিভি সিন্ধুর বাবা রমনা সিন্ধু। সোনা জয়ের স্বপ্ন ভঙ্গ হলেও টোকিও থেকে খালি হাতে যে ফিরতে হচ্ছে না মেয়েকে তাতেই আপ্লুত তিনি ।

এক সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন, "আমি সবাইকে ধন্যবাদ জানাতে চাই। আমি কৃতজ্ঞ মিডিয়ার কাছেও। গতকালই মেয়ের সঙ্গে কথা হয়েছিল। ওকে উদ্বুদ্ধ করার চেষ্টা করছিলাম। ভীষণ গর্ব হচ্ছে যে প্রথম ভারতীয় মহিলা অ্যাথলিট হিসেবে ২ টো অলিম্পিক পদক জিতল সিন্ধু।" তিনি আরও বলেন, "ওর চোখে গতকাল জল ছিল ম্যাচের পর। কিন্তু আমি ওকে বলেছিলাম যে সেই ম্যাচ ভুলে যেন রবিবারের ম্যাচের দিকে ফোকাস করে ও। কারণ পদক জয়ের সম্ভাবনা যে তখনও বাকি ছিল ।

ও বরাবরই আগ্রাসী। এদিনও ওর খেলায় আগ্রাসন ধরা পড়েছিল। আমি ম্যাচের আগেই বলেছিলাম যে কিছু শট যেন ও বারবার খেলে। আমরা সবাই ভীষণ খুশি। আমি আশাবাদী আগামী অলিম্পিকেও সিন্ধুকে কোর্টে দেখা যাবে।এবারে টোকিও অলিম্পিকের শুরু থেকেই ছন্দে তাকান সত্ত্বেও সেমিফাইনালে হেরে যাওয়ায় সোনা বা রুপোর পদক জয়ের সম্ভাবনা শেষ হয়ে গিয়েছিল সিন্ধুর । রবিবার ছিল ব্রোঞ্জের ম্যাচে মুখোমুখি হয়েছিলেন দুই সেমিফাইনালের পরাজিতরা। প্রতিদ্বন্দ্বী হে বিংজিয়াওয়ের বিরুদ্ধে সিন্ধু প্রথম গেম জিতে নেন মাত্র ২৩ মিনিটে। ২১-১৩ ব্যবধানে। দ্বিতীয় গেমে চিনা প্রতিপক্ষ কিছুটা লড়াই করলেও শেষরক্ষা হয়নি তার। দ্বিতীয় গেমও জিতে নেন সিন্ধু। দ্বিতীয় গেমের ব্যবধান সিন্ধুর পক্ষে ২১-১৫।